

# 💵 মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৮২৭

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (১ ত্রান্ )

পরিচ্ছেদঃ ৪. তৃতীয় অনুচ্ছেদ - সুদ

### আরবী

وَعَنِ ابْنِ مَسْعُودِ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: إِنِ الرِّبَا وَإِنْ كَثُرَ فإِنَّ عَالَةِ عَلَيْهِ وَسَلَّمَ: إِنِ الرِّبَا وَإِنْ كَثُرَ فإِنَّ عَاقِبَهُ عَلَيْهِ وَسُعُبِ الْإِيمَانِ. وَرَوَى أَحْمد الْأَخير

#### বাংলা

২৮২৭-[২১] ইবনু মাস্'উদ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ সুদের মাধ্যমে সম্পদ (বাহ্যত) বেশি হলেও পরিণামে তা স্বল্পই। (ইবনু মাজাহ ও বায়হাক্কী- শু'আবুল 'ঈমানে পূর্বোক্ত হাদীসটিসহ বর্ণনা করেছেন; আর ইমাম আহমাদ শেষের হাদীসটি বর্ণনা করেছেন)[1]

## ফুটনোট

[1] সহীহ : ইবনু মাজাহ ২২৭৯, আহমাদ ৩৭৫৪, শু'আবুল ঈমান ৫১২৩ সহীহ আল জামি' ৩৫৪২।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: (إِنِ الرِّبَا وَإِنْ كَثُر) "সুদ যদিও সম্পদ বাড়ায়" অর্থাৎ সুদের কারবারের মাধ্যমে যদিও দুনিয়াতে সম্পদ বৃদ্ধি পায় এবং তা পরিমাণে বেড়ে যায়।

। "কিন্তু তা পরিণতিতে স্বল্প"। (فإِنَّ عَاقِبَتَه تَصِيْرُ إِلَى قُلِّ)

'আল্লামা ত্বীবী (রহঃ) বলেনঃ সুদের পরিণতি অপমান অপদস্ত, কেননা এতে কোনো বরকত নেই। অর্থাৎ দুনিয়াতে সুদের মাধ্যমে অনেক অর্থ উপার্জন করলেও পরকালে এর পরিণতি হবে দারিদ্র্যুতা। কেননা সুদের মাধ্যমে বান্দার যে হক নষ্ট করা হয়েছে, পরকালে তা পরিশোধ করতে হবে নেক 'আমল দিয়ে। আর নেক 'আমল না থাকলে মাযলুমের গুনাহ কাঁধে তুলে নিতে হবে এবং এ গুনাহ নিয়ে জাহান্নামে যেতে হবে। ফলে সুদের পরিণতি হবে অনন্ত ভয়াবহ। (মিরকাতুল মাফাতীহ)



## হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন